মুজিবনগরে পরিবেশ বিষয়ে সচেতনতামূলক প্রচারণা ও গাছের চারা বিতরণ

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, পরিবেশ রক্ষার জন্য পরিবেশ বিষয়ের সচেতনামূলক প্রচারণা ও গাছের চারা বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুরে উপজেলার বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ছাত্র-ছাত্রীদের মাঝে পরিবেশ বিষয়ে সচেতনতা মূলক প্রচার এবং গাছের চারা বিতরণের উদ্বোধন করা হয়।

সচেতনতা মূলক প্রচারণা ও গাছের চারা বিতরণ অনুষ্ঠানে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গাছের চারা বিতরণের উদ্বোধন করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন।

এ সময় উপস্থিত ছিলেন বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুক হরেন্দ্র বিশ্বাস, গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ।

গুডনেইবারর্স এর উদ্যোগে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের মাঝে ৬শত ফলজ, বনজ, ঔষধি গাছের বিতরণ করা হবে।